গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিতলমারী, বাগেরহাট।
www.chitalmari.bagerhat.gov.bd

স্মারক নং ঃ ৫৫.৪৪.০১১৪.০০০.১১.০০৮.২২-৬০৭ তারিখ ঃ-১৮/১০/২০২২ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

চিতলমারী উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর তফসিল-১ (১২ জুলাই ২০১৬ তারিখের এস.আর.ও নং-২২৭-আইন/২০১৬ দ্বারা সংশোধিত) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫(০৩ জুলাই ২০১৭ তারিখের এস.আর.ও নং-২৩২-আইন/২০১৭ দ্বারা সংশোধিত) এর বিধি ৭(২) অনুযায়ী জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নম্বর ও পদের সংখ্যা | মাসিক বেতন | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| | | | | দফাদার | মহল্লাদার | |
| ১ | বড়বাড়িয়া | মহল্লাদার | ৪ নং ওয়ার্ড, মহল্লাদার শূন্য পদ সংখ্যা-০১ | - | সরকারি অংশ -৩২৫০/- ইউপি অংশ-৩২৫০/- | অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট(জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২ | চরবানিয়ারি | মহল্লাদার | ৭নং ওয়ার্ড, মহল্লাদার শূন্য পদ সংখ্যা-০১ | - | ঐ | ঐ |

## ঃ শর্তাবলী ঃ

১। মহল্লাদার পদের প্রার্থীকে স্ব-স্ব ইউনিয়ন /সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।

২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, (১০/১১/২০২২ তারিখ), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোঠার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদনপত্র লিখতে হবে।

৩। শারীরিক যোগ্যতাঃ

পুরুষের ক্ষেত্রেঃ (ক) সর্বনিম্ন উচ্চতা ৫'-২'' ; (খ) বুকের মাপ-৩০'' ; (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলাদের ক্ষেত্রেঃ (ক)সর্বনিম্ন উচ্চতা ৫' (খ) বুকের মাপ-২৮'' ; (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

৪। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র। খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সত্যায়িত কপি। গ) সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি যাহা প্রথম শেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত। ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। ঙ) শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেটের ফটোকপি। যাহা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত। চ) যে কোন তফসিল ভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী, বাগেরহাট বরাবর ১০০/-(একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

ছ) মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা / লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হবে। অন্য সকল সাময়িক সনদ / গেজেট ভূক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চুড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হতে না পারলে তার চাকরী বাতির হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত/প্রমান পত্রের সত্যায়িত কপি।

জ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমান পত্রের সত্যায়িত কপি।

ঝ) প্রার্থীকে যোগাযেগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাকটিকেট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি ফেরত খাম যুক্তকরতে হবে। কামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৫। ছবি ও সনদ সপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারীর নাম যুক্ত সীল ব্যবহার করতে হবে।

চলতি পাতা -০২

E:\Nessry Offical Document\bn-3...doc

৬। প্রার্থীর বয়স আগামী ১০/১১/২০২২ তারিখ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য।

৭। চাকুরীতে প্রার্থীদের যথাযথ কর্তৃ পক্ষের মাধ্যমে নির্বাচিত তারিখের মধ্যে অআবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮। প্রর্থীকে আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালিন সময় সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে।

৯। অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। আবেদনপত্র গ্রহণ বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচেনা করা হবে না।

১১। প্রর্থীকে নির্বাচনী পরিক্ষায় ( শারীরিক যোগ্যতা যাচাই, লিখিত ওমৌখিক ) অংশগ্রহনের জন্য কোন টিএ/ডি প্রদান করা হবে না।

১২। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাদগর সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৮/১০/২০২২

সাইয়েদা ফয়জুন্নেছা
উপজেলা নির্বাহী অফিসার
চিতলমারী, বাগেরহাট।
ফোন-০২৪৭৭৭৫৫৬৭১
ই-মেইল-unochitalmari@mopa.gov.bd

স্মারক নং ঃ ৫৫.৪৪.০১১৪.০০০.১১.০০৮.২২-৬০৭/১ (৫১)　　তারিখ ঃ-১৮/১০/২০২২ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ**

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। পুলিশ সুপার, বাগেরহাট।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
০৪। সিভিল সার্জন, বাগেরহাট।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিতলমারী, বাগেরহাট।
০৬। উপজেলা প্রকৌশলী, চিতলমারী, বাগেরহাট।
০৭। অফিসার ইন-চার্জ, চিতলমারী থানা, বাগেরহাট।
০৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চিতলমারী, বাগেরহাট।
০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চিতলমারী, বাগেরহাট। (উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য)

**অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ**

১০। উপজেলা...........................................................অফিসার, চিতলমারী, বাগেরহাট।

১১। চেয়ারম্যান, বড়বাড়িয়া/ চরবানিয়ারি/ ইউনিয়ন পরিষদ, চিতলমারী, বাগেরহাট।

১২। সচিব,বড়বাড়িয়া/ চরবানিয়ারি/ ইউনিয়ন পরিষদ, চিতলমারী, বাগেরহাট।

১৩। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, বড়বাড়িয়া/ চরবানিয়ারি/ ইউনিয়ন পরিষদ, চিতলমারী, বাগেরহাট। (ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য)

১৪। নোটিশ বোর্ড।

১৮/১০/২০২২

সাইয়েদা ফয়জুন্নেছা
উপজেলা নির্বাহী অফিসার
চিতলমারী, বাগেরহাট।

E:\Nessry Offical Document\bn-3...doc